

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৬১

৩৪/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৯. কাসামার দ্বারা কিসাস গ্রহণ না করা।

باب فِي تَرْكِ الْقَوَدِ بِالْقَسَامَةِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَنُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، وَسُلَيْمَانَ بْنِ يَسَارٍ، عَنْ رِجَالٍ، مِنَ الْأَنْصَارِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لِلْيَهُودِ وَبَدَأَ بِهِمْ " يَحْلِفُ مِنْكُمْ خَمْسُونَ رَجُلاً " . فَأَبُوا فَقَالَ لِلأَنْصَارِ " اسْتَحِقُوا " . قَالُوا نَحْلِفُ عَلَى الْغَيْبِ يَا رَسُولَ اللَّهِ فَجَعَلَهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم دِيَةً عَلَى يَهُودَ لأَنَّهُ وُجِدَ بَيْنَ أَظْهُرِهِمْ .

বাংলা

88৬১. হাসান ইবন আলী (রহঃ) আবূ সালামা ইবন আবদুর রহমান ও সুলায়মান ইবন ইয়াসার (রাঃ) একজন আনসার থেকে বর্ণনা করেনঃ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াহূদীদের বলেনঃ তোমাদের পঞ্চাশজন কসম কর। তখন তারা তা অস্বীকার করে। তখন তিনি আনসারদের বলেনঃ তোমরা কসম দিয়ে তোমাদের হক প্রতিষ্ঠিত কর। তখন তারা বলেঃ ইয়া রাসূলাল্লাহ! আমরা কি গায়েবের উপর কসম করবো? তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে নিহত ব্যক্তির দিয়াত ইয়াহূদীদের উপর চাপিয়ে দেন। কেননা, তাদের মাঝেই সে ব্যক্তির লাশ পাওয়া যায়।

English

Narrated 'Abu Salamah b. 'Abd al-Rahman and Sulaiman b. Yasar:

On the authority of some men of the Ansar: The Prophet (ﷺ) said to the Jews and started with them: Fifty of you should take the oaths. But they refused (to take the oaths). He then said to the Ansar: Prove your claim. They said: Do we take the oaths without seeing, Messenger of Allah? The Messenger of Allah (ﷺ) then imposed the blood-wit on the Jews because he



(the slain) was found among them.

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন